# 2021

# CLASS –IX (Phase –I)

# BENGALI

***Total marks:40*** ***Time: 1½ hours***

**General Instructions:**

*(i)* *Approximately 8 minutes is allotted to read the question paper and revise the answers.*

*(ii)* *The question paper consists of 11 questions. All questions are compulsory.*

*(iii)* *Internal choice has been provided in some questions.*

*(iv)* *Marks allotted to every question are provided indicated against it.*

***N.B.: Check that all pages of the question paper are complete as indicated on the top left side.***

**পাঠ (Reading)**

**1.** **নিচের পাঠটি মনোযোগ দিয়ে পড় :**

**আনন্দবাজার পাত্রিকাঃ নিজস্ব প্রতিবেদন:**কলকাতা ০৭ অগস্ট ২০২১ ১৭:৩৮:দুর্দান্ত দুই থ্রোয়ে সোনার খরা কাটিয়ে দিলেন নীরজ চোপড়া। অলিম্পিক্সের ইতিহাসে প্রথম ভারতীয় হিসেবে ট্র্যাক অ্যান্ড ফিল্ডের কোনও ইভেন্টে পদক জিতলেন। তা-ও একেবারে সোনা জিতে নিলেন তিনি। শনিবার ফাইনালে দ্বিতীয় প্রচেষ্টায় ৮৭.৫৮ মিটার ছুড়ে পদক জিতলেন তিনি। এর আগে অ্যাথলেটিক্সে ভারত সোনা তো দূর, কোনও পদকই জেতেনি। সেই আক্ষেপ মিটিয়ে দিলেন নীরজ।

শনিবারের আগে পর্যন্ত অলিম্পিক্সে মাত্র ৯টি সোনা ছিল ভারতের। এর মধ্যে আটটি ছিল হকিতে। ব্যক্তিগত বিভাগে মাত্র একটি সোনা ২০০৮ বেজিং অলিম্পিক্সে শুটিংয়ে জিতেছিলেন অভিনব বিন্দ্রা। এর পর বার বার তিনি আক্ষেপ করেছেন ব্যক্তিগত বিভাগে কেউ সোনা না জেতায়। সেই স্থান পূরণ করলেন নীরজ। দ্বিতীয় ভারতীয় ক্রীড়াবিদ হিসেবে ব্যক্তিগত ইভেন্টে সোনা জিতলেন তিনি।

শনিবার জ্যাভলিনের শুরু থেকেই দুর্দান্ত ছন্দে ছিলেন নীরজ। প্রথম প্রচেষ্টায় ৮৭.০৩ মিটার ছুড়ে বাকিদের থেকে অনেকটাই এগিয়ে যান। দ্বিতীয় প্রচেষ্টায় দূরত্ব আরও বাড়িয়ে নেন তিনি। এ বার ছোড়েন ৮৭.৫৮ মিটার। হাত থেকে জ্যাভলিন বেরনো মাত্রই পিছনের গ্যালারির দিকে তাকিয়ে দু’হাত তুলে উল্লাস করতে থাকেন নীরজ। সেখানে বসেছিলেন তাঁর কোচ উয়ে হন এবং ভারতীয় দলের আধিকারিকরা।

চিন্তা ছিল জার্মানির জোহানেস ভেটারকে নিয়ে। যোগ্যতা অর্জন পর্বেও ভেটার ভাল কিছু করতে পারেননি। তবে অনেকেই মনে করেছিলেন, ফাইনালে তিনি নিজের আসল রূপ দেখাবেন। তবে ফাইনালে প্রথম তিন প্রচেষ্টার পরেই তিনি ছিটকে যান। লড়াইটা মূলত ছিল চেক প্রজাতন্ত্রের দুই থ্রোয়ারের সঙ্গে নীরজের। কিন্তু দু'জনেই শেষ দুটি থ্রোয়ে ফাউল করে বসেন। ফলে নিজের ষষ্ঠ থ্রোয়ের আগেই সোনা জিতে যান নীরজ।

১৩৫ কোটির দেশে প্রথম বার অ্যাথলেটিক্স থেকে পদক এল। প্রয়াত মিলখা সিংহ, পি টি ঊষা, অঞ্জু ববি জর্জ, বিকাশ গৌড়ার মতো ক্রীড়াবিদরা কাছে এসেও পদক জিততে পারেননি। সেই অভাব ঢেকে দিলেন নীরজ। তাঁকে এ বার জ্যাভলিনে পদক জেতার অন্যতম দাবিদার মনে করা হয়েছিল। কিন্তু তাঁর থেকে অনেক এগিয়ে থাকা ক্রীড়াবিদদের টপকে যে তিনি সোনা জিতবেন, এটা তাঁর অন্ধভক্তও ভাবতে পারেননি। শনিবার তাই নিঃসন্দেহে ভারতীয় খেলাধুলোর ইতিহাসে তৈরি হল নতুন ইতিহাস।

(বানান অপরিবর্তিত)

**প্রায় ৫ থেকে ১০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ**

| | | |
|---|---|---|
| (ক) | খবরটি কত তারিখে প্রকাশিত হয়েছিল? | 1 |
| (খ) | নীরজ চোপড়া কত মিটার দূরত্বে জ্যাভলিন ছুঁড়ে সোনা জিতেছেন? | 1 |
| (গ) | ভারত অলিম্পিকে এ পর্যন্ত ক'টি সোনা জিতেছিল? | 1 |
| (ঘ) | অভিনব বিন্দ্রা কিসে সোনা জিতেছিলেন? | 1 |
| (ঙ) | প্রথম প্রচেষ্টায় নীরজ কত মিটার দূরত্বে জ্যাভলিন ছোঁড়েন? | 1 |
| (চ) | নীরজ চোপড়ার কোচ কে ছিলেন? | 1 |
| (ছ) | জার্মানির কোন ক্রীড়াবিদকে নিয়ে চিন্তা ছিল? | 1 |
| (জ) | নীরজের লড়াইটা মূলত কোন দুই খেলোয়াড়ের সঙ্গে হয়? | 1 |
| (ঝ) | ভারতবর্ষে প্রথমবার কোন বিভাগ থেকে পদক এলো? | 1 |
| (ঞ) | কারক-বিভক্তি নির্ণয় করঃ সেই অভাব ঢেকে দিলেন নীরজ। | 1 |

***NB-N/B/1***

## ব্যাকরণ ও অনুবাদ (Grammar and Translation)

**2. নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও :**

(ক) স্পর্শবর্ণ ও উষ্মবর্ণের অন্তঃ বা মাঝখানে থাকে বলে য, র, ল, ব – এই চারটি বর্ণকে বলা হয় — 1

(i) উষ্মবর্ণ (ii) স্পর্শবর্ণ

(iii) অন্তঃস্থবর্ণ (iv) অযোগবাহবর্ণ

(খ) স্বরভক্তির উদাহরণ হল— 1

(i) দেশি>দিশি (ii) জন্ম>জনম

(iii) কর্তা>কত্তা (iv) রিকসা>রিস্কা

(গ) ব্যঞ্জনবর্ণের সাথে স্বরবর্ণ বা ব্যঞ্জনবর্ণ মিলে হয় — 1

(i) স্বরসন্ধি (ii) ব্যঞ্জনসন্ধি

(iii) বিসর্গসন্ধি (iv) নিপাতনে সিদ্ধ সন্ধি

**3. সংজ্ঞা সহ উদাহরণ দাও :**

(i) অঘোষ বর্ণ 1

(ii) অপিনিহিতি 1

**4 সন্ধিবিচ্ছেদ কর :**

(i) বিদ্যালয় 1

(ii) দিগন্ত 1

**5. বাংলায় অনুবাদ কর :**

(i) I don’t know what happened here! 1

(ii) Do you play any sports? 1

(iii) We can’t live without air. 1

*NB-N/B/1*

## সাহিত্য — গদ্যাংশ ও পদ্যাংশ ( Literature)

**6. নিচের বিকল্পগুলি থেকে সঠিক উত্তরটি বেছে নাও :**

ক) চাণক্য তাঁর স্ত্রী ও কন্যাকে নিয়ে কোথায় থাকতেন? 1

(i) শনিতপুর (ii) অবন্তীপুর

(iii) গৌরীপুর (iv) অভয়াপুর

খ) ফরাসিরা খায় — 1

(i) ডাল –ভাত (ii) ব্যাঙ

(iii) আরশোলা (iv) ঘুষ

**২০ থেকে ২৫ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাও :**

**7.** মাখনলাল ও ফটিকের মধ্যে কী সম্পর্ক ছিল? ফটিক মাখনলালকে চড় মেরেছিল কেন? 1+1=2

8. সনাতনপুরে জীর্ণ মন্দিরটি কেমন পরিবেশে ছিল তার বর্ণনা দাও।মহাদেবের কাছে মানত করে কে লটারিতে টাকা পেয়েছিল? 1+1=2

**কম-বেশি ৪০-৫০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ**

9. (ক) 'জাগ্রত দেবতা' গল্পে মহাদেব সম্পর্কে প্রচলিত কাহিনিগুলি কী কী? 4

**অথবা**

(খ) "ক্ষমতা স্নেহের অভাবকে পূর্ণ কর্তে পারে না।"—

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) কোন মূল নাটক থেকে সংকলিত? (1)

(iii) কে কোন প্রসঙ্গে এই কথাগুলি বলেছেন? (2)

**৬০ থেকে ৯০ টি শব্দে নিচের প্রশ্নগুলির উত্তর দাওঃ**

10. "বেশ করেছ, আমি তো তোমাকে মাসের মধ্যে পাঁচবার বই কিনে দিতে পারি না।"—

(i) কোন পাঠের অংশ? 1

(ii) লেখক কে? 1

(iii) কে এই কথাগুলি বলেছেন? 1

(iv) কাকে কখন তিনি বলেছেন? 2

11. (ক) ‘সাধক’ কবিতাটির নামকরণের সার্থকতা আলোচনা কর। 5

অথবা

(খ) “রুটি , লুচি, ভাজাভুজি, টক ঝাল মিষ্টি,
ময়রা ও পাচকের যত কিছু সৃষ্টি। —

(i) কোন পাঠের অংশ? (1)

(ii) কবির নাম কী? (1)

(iii) ‘ময়রা’ ও ‘পাচক’ এরা কারা? (2)

(iv) এই কবিতায় কী কী বিদেশি খাবারের নাম রয়েছে? (1)

************************************